

অ্যালামনি পুনর্মিলনী অনুষ্ঠানে প্রফেসর ড. আজহারুল ইসলাম

আইআইইউসি গর্ব করার মত একটা অবস্থান তৈরি করেছে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে এম আজহারুল ইসলাম বলেছেন, আইআইইউসি গর্ব করার মত একটা অবস্থান তৈরি করেছে। যা জ্ঞান ও উদ্ভাবনীকে দেশে ও দেশের বাইরে ছড়িয়ে দিয়ে শিক্ষার বৈশ্বিক দিগন্তকে সমৃদ্ধ করেছে। তিনি বলেন, আমাদের জন্য আজকের এই দিনটি একটি ব্যতিক্রমধর্মী দিবস হিসাবে চিহ্নিত। কারণ আজ আমরা আমাদের এ্যাম্বেসেডরদের নিয়েই এই উৎসব ও মহাসম্মিলন করছি। আর এ মহাসম্মিলনে উপস্থিত হয়ে আমাদেরকে বিশেষভাবে আনন্দিত করেছেন আমাদের বিশ্ববিদ্যালয়ে পাশ করা গ্রাজুয়েটগণ, যারা বর্তমানে দেশের ভেতরে ও বাইরে বিভিন্ন গুরুত্বপূর্ণ অবস্থান, পদমর্যাদা ও পেশায় নিয়োজিত আছেন।

আজ শুক্রবার সকালে কুমিরা ক্যাম্পাসে আইআইইউসি'র আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রাক্তন ছাত্রদের ১ম পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রফেসর ড. এ কে এম আজহারুল ইসলাম কথাগুলো বলেন। বিশ্ববিদ্যালয়ের সি এসই বিভাগের মেহেদী হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উত্তরা ইউনিভার্সিটির বিজ্ঞান অনুষদের ডিন নুরুল ইসলাম, স্বাগত বক্তব্য রাখেন সিএসই বিভাগের শিক্ষক আমানউল্লাহ, সহযোগী অধ্যাপক সামসুল আলম, আবদুল্লাহ হিল কাফি এবং উত্তরা ইউনিভার্সিটির সিএসই বিভাগের প্রধান ড. মিজানুর রহমান।



প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভিসি প্রফেসর ড. এ কে এম আজহারুল ইসলাম বলেন, দুই দশক আগেও এটি একটি ক্ষুদ্র কলেবরের বিশ্ববিদ্যালয় ছিল কিন্তু এখন এটিকে সত্যিকার অর্থে একটি বড় বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে আমরা সক্ষমতা অর্জন করেছি।

অতিথির বক্তব্যে উত্তরা ইউনিভার্সিটির বিজ্ঞান অনুষদের ডিন নুরুল ইসলাম বলেন সেদিন বেশি দূরে নয় যেদিন দক্ষিণ এশিয়ার সর্বশ্রেষ্ঠ উচ্চশিক্ষা কেন্দ্র হিসাবে আইআইইউসি'র অবস্থান নিশ্চিত হবে। আইআইইউসি'র পাশকৃত ছাত্র-ছাত্রীরা তাদের চিন্তা-চেতনায় ও কর্মক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ের মিশন, ভিশন, অবজেকটিভ সমুন্নত রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ---প্রেস বিজ্ঞপ্তি